**১) যেকোনওএকটিবাংলায়অনুবাদকরুন** ১০

**(a)**He awoke, his mouth full of sleep, his body covered with sweat. It was very late. He combed his hair, ran downstairs and jumped on to a tram. The sky was clear and overflowed by sun. So the scorching heat was felt very hard and unbearable.

ঘুম ভাঙল তার। চোখমুখে তখনও ঘুমের ঘোর লেগে আছে, শরীর ভিজে গেছে ঘামে। বড্ড দেরি হয়ে গেছে। মাথাটা আঁচড়ে সিঁড়ি দিয়ে দৌড়ে নামল সে, প্রায় লাফ দিয়ে ট্রামে উঠে পড়ল। আকাশ পরিষ্কার, রোদে ভেসে যাচ্ছে। তাই রোদের স্বলুনিটা খুবই কড়া আর অসহনীয় লাগছিল।

**(b)** Amanda was dancing too,except she was better. After a while she stopped and stood a little apart, texting on her purple phone. Then she stared straight at me and smiled, and waved her silver fingers. That meant *Come here*.

আমান্দাও নাচছিল, তবে বাকিদের থেকে অপেক্ষাকৃত ভালো। কিছুক্ষণ পরে নাচটা থামিয়ে একটুখানি দূরে দাঁড়িয়ে তার নীলচে-লাল রঙের ফোন থেকে কিছু মেসেজ পাঠালো। তারপরে সোজা আমার দিকে তাকিয়ে একটু হাসল এবং তার রুপোলি আঙুলগুলো নাড়তে লাগল, যেন বলতে চাইল- 'এদিকে এসো'।

**২) যেকোনওএকটিইংরেজিতেঅনুবাদকরুন** ১০

**(ক)**তাঁহার কন্ঠস্বরে কোমলতার আভাসমাত্র যেন ছিল না। রমেশ নিজেকে সামলাইয়া ফেলিল। সে বুঝিল যেখানে অভিমানের কোন মর্যাদা নাই, সেখানে অভিমান প্রকাশ পাওয়ার মত বিড়ম্বনা সংসারে অল্পই আছে।
It seemed there was no sign of tenderness in her voice at all. Ramesh restrained his emotion immediately and realized that expressing one's sentimenton earth is merely a humiliation, where itamounts to dishonouronly.

**(খ)** এমনসময় একটা বিদেশী নৌকা ঘাটে আসিয়া লাগিল। একটি অর্ধবয়সী ভদ্রলোক কাঁচা গোঁফ এবং পাকা চুল লইয়া বাহির হইয়া আসিলেন। বালককে জিজ্ঞাসা করিলেন, "চক্রবর্তীদের বাড়ি কোথায়। "
বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল, " ঐ হোথা। "
A boat came up to the landing and a middle-aged man, withgrey hair and dark moustache, stepped on shore. He saw theboy sitting there doing nothing and asked him where theChakrabortis lived. Phatik went on chewing the grass and said: "Over there,".

৩)স্টেশন-লিভের জন্যে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করুন। ১০

প্রতি

------------------আধিকারিক

সমীপেষু।

মহাশয়/মহাশয়া

বিনীত নিবেদন এই যে, আগামী ১৬-০৫-২০১৮ তারিখে পারিবারিক কাজে আমাকে উত্তরপ্রদেশে যেতে হবে। ২০-০৫-২০১৮ তারিখে আমি কলকাতায় ফিরে অফিসে যোগদান করব। তাই অনুগ্রহপূর্বক আমাকে ওই ক'দিনের জন্যে স্টেশনের বাইরে থাকার অনুমতি দিলে বাধিত হব।

ইতি

ধন্যবাদসহ

কলকাতা

আপনার বিশ্বাসভাজন

১৪-০৫-২০১৮

ক খ গ

অথবা

আপনার ল্যাণ্ড টেলিফোন প্রত্যর্পনেরপদ্ধতিটি জানতেটেলিফোন অফিসে আবেদন করুন। ১০

মাননীয়

কলকাতা টেলিফোনের------শাখার সুপারিন্টেনডেন্ট মহাশয়

সমীপেষু।

মহাশয়

আপনার আবগতির জন্যে জানাই যে, আমি কলকাতা টেলিফোনের একজন গ্রাহক। আমার টেলিফোন নাম্বার------ এবং আমার ঠিকানা হচ্ছে-----------------------। কিন্তু বর্তমানে আমি একটি ফ্ল্যাট কিনে অন্যত্র চলে যাচ্ছি। তাই আমার ল্যাণ্ড টেলিফোনটি আপনাদের প্রত্যর্পন করতে চাই। এ ব্যাপারে কী করতে হবে, তা জানালে আমি সে অনুসারে ব্যবস্থা গ্রহণ করব।

নিবেদন ইতি

উল্টোডাঙ্গা

১৫-০৫-২০১৮

আপনার বিশ্বাসভাজন

ক খ গ

৪) **নিচের অংশটি পড়ে বিভিন্ন প্রশ্নগুলির উত্তরদিন।** ( ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।) ৫ X ২ = ১০

সন্ধে হল, সূর্য নামে পাটে,
এলেম যেন জোড়াদিঘির মাঠে।
ধূধূ করে যে দিক-পানে চাই,
কোনোখানে জনমানব নাই,
তুমি যেন আপন-মনে তাই
ভয় পেয়েছ—ভাবছ, 'এলেম কোথা!'
আমি বলছি, 'ভয় কোরো না মা গো,
ওই দেখা যায় মরা নদীর সোঁতা।'

ক) সন্ধে মানে কী ? সন্ধের সময় আর কী কী হলো ?

খ) জোড়াদীঘির চারপাশটা কীরকম, তার বর্ণনা দিন ?

গ) 'তুমি' এখানে কে ? 'আপন-মনে' কথার অর্থ কী ?

ঘ) উদ্দিষ্ট মহিলা ভয় পেয়ে মনে মনে কী ভাবছেন ? তাঁকে আশ্বস্তই বা করছে কে ?

ঙ)কবিতাটিতে প্রকৃতির যে ছবি আছে, তা নিজের ভাষায় লিখুন।

চ) 'ভয়' ও 'মরা' শব্দ দুটির অর্থ কী ?

**উত্তর-**

ক) সন্ধে মানে সায়ংকাল। সূর্য পাটে বসল। মার মনে হলো তিনি জোড়া দীঘির ঘাটে পৌঁছেছেন।

খ) চারিদিকে ধূ ধূ ফাঁকা মাঠ। কোনও মানুষজন নেই।

গ) 'তুমি' বলতে এখানে খোকারমা-কে বোঝানো হচ্ছে। 'আপন-মনে' অর্থাৎ মনে মনে।

ঘ) মহিলা ভাবছেন যে, এ আবার কোথায় এলাম ! তাঁর ছোট্ট ছেলেটি তাঁকে আশ্বস্ত করছে।

ঙ) সন্ধে ঘনিয়ে আসছে। সূর্য অস্ত যাচ্ছে। জনমানবহীন ধূ ধূ মাঠের কাছে একটি পুকুর। দূরে মরা নদীর সোঁতা দেখা যাচ্ছে।

চ) 'ভয়' মানে 'ভীতি' ও 'মরা' মানে 'মারা যাওয়া' বা 'কমে যাওয়া'।

**৫) নিচের লাইনগুলো এলোমেলো করা হয়েছে। যথাযথভাবে সাজিয়ে দিন। ০৫**

ছেলেরা বাঁধিয়াআরম্ভ ঠেলিতে কোমর করিল — ' মারো হেঁইয়ো, সাবাস ঠেলা জোয়ান হেঁইয়ো।'গুঁড়ি ঘুরিতে-না ঘুরিতেইএকপাক মাখন তাহার গাম্ভীর্য গৌরব এবং তত্ত্বজ্ঞান ভূমিসাৎ সমেত হইয়া গেল।

**উত্তর-** ছেলেরা কোমর বাঁধিয়া ঠেলিতে আরম্ভ করিল — ' মারো ঠেলা হেঁইয়ো, সাবাস জোয়ান হেঁইয়ো।'গুঁড়ি একপাক ঘুরিতে-না ঘুরিতেই মাখন তাহার গাম্ভীর্য গৌরব এবং তত্ত্বজ্ঞান সমেত ভূমিসাৎ হইয়া গেল।

অথবা

**নিচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করুন। যেকোনও পাঁচটি শব্দ দিয়ে। ০৫**

আধিকারিক, ধ্যান, কল্যাণ, সোপর্দ, দরখাস্ত, প্রতিলিপি, জমিদারী, আমলাতন্ত্র।

আধিকারিক- এ শংসাপত্রটিকে কোনওসরকারি আধিকারিককে দিয়ে প্রত্যয়িত করতে হবে।

ধ্যান- প্রতিদিন দশ মিনিট ধ্যান করলেও মন ভালো থাকে।

কল্যাণ- দশের কল্যাণেই দেশের কল্যাণ।

সোপর্দ- অভিযুক্তকে দায়রায় সোপর্দ করা হলো।

দরখাস্ত- সরকারি ঋণ পেতে হলে বৈধভাবে দরখাস্ত করতে হবে।

প্রতিলিপি-আপনার আবেদনপত্রের একখানি প্রতিলিপি নিজের কাছে রাখবেন।

জমিদারী- লোকটার জমিদারী চলে গেলেও হম্বিতম্বি এতটুকু কমে নি।

আমলাতন্ত্র-সরকারের নীতিগুলো আমলাতন্ত্রের মাধ্যমেই কার্যকর করা হয়।

---------

Bengali Dictation

ইতিমধ্যে একটা সুবিধা হইল। বর সহসা তাহার পিতৃদেবের অবাধ্য হইয়া উঠিল। সে বাপকে বলিয়া বসিল, "কেনাবেচা-দরদামের কথা আমি বুঝি না; বিবাহ করিতে আসিয়াছি, বিবাহ করিয়া যাইব।"

বাপ যাহাকে দেখিল তাহাকেই বলিল, "দেখেছেন মহাশয়, আজকালকার ছেলেদের ব্যবহার।" দুই-একজন প্রবীণ লোক ছিল, তাহারা বলিল, "শাস্ত্রশিক্ষা নীতিশিক্ষা একেবারে নাই, কাজেই।"

বর্তমান শিক্ষার বিষময় ফল নিজের সন্তানের মধ্যে প্রত্যক্ষ করিয়া রায়বাহাদুর হতোদ্যম হইয়া বসিয়া রহিলেন। বিবাহ একপ্রকার বিষণ্ণ নিরানন্দ ভাবে সম্পন্ন হইয়া গেল।